


যুগান্তর

বদলির দাবিতে অনশনে যাওয়ার হুমকি শিক্ষকদের

প্রকাশ : ২৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

প্রতিষ্ঠান পরিবর্তন ও বদলি ব্যবস্থা চালুর দাবিতে শুক্রবার জাতীয় প্রেস ক্লাবে পদযাত্রা ও অবস্থান কর্মসূচি পালন করার কথা ছিল এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের। কিন্তু পুলিশের অনুরোধে পদযাত্রা ও অবস্থান কর্মসূচি বাতিল করে মানববন্ধন করেছেন শিক্ষকরা। বেলা ১১টা থেকে প্রেস ক্লাবের সামনে ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করেন তারা। মানববন্ধনে শিক্ষক নিয়োগের গণবিজ্ঞপ্তি জারির আগেই বদলি ব্যবস্থা চালুর দাবি করেন শিক্ষকরা।

শিক্ষকরা বলেন, বদলি না হলে আজীবন এক জায়গায় পচে-গলে মরতে হবে। রাজপথে লড়াইয়ের মাধ্যমে বদলি আদায় করতে হবে। প্রয়োজনে আমরা অনশনে যাব। এত স্বল্প আয়ে ১ হাজার টাকা বাড়ি ভাড়া নিজ বাড়ি থেকে দূরে চাকরি করা অসম্ভব। তারা বলেন, বদলি আমাদের একান্ত দাবি। এ দাবি আদায়ে আমরা কঠোর কর্মসূচি পালনের সিদ্ধান্ত নিয়েছি।

বদলি বাস্তবায়ন কমিটির আহ্বায়ক মো. হারুন অর রশিদ ও সদস্য-সচিব মোহাম্মদ সিরাজুল ইসলামের নেতৃত্বে এ মানববন্ধন পালন করা হয়। হারুন অর রশিদ বলেন, বেসরকারি শিক্ষকদের দীর্ঘদিনের প্রাণের দাবি বদলি। এ বিষয়ে সরকারের সিদ্ধান্তও ইতিবাচক। সম্প্রতি ২০২০ সালের মধ্যে বেসরকারি শিক্ষকদের ঐচ্ছিক বদলি চালু করার সিদ্ধান্ত হয়, যার সব কার্যক্রম হবে অনলাইনে। সরকারের এমন সিদ্ধান্তের কথা জানতে পেরে শিক্ষকরা আশার আলো দেখেন। ২০১৯ সাল শেষ হওয়ার দ্বারপ্রান্তে পৌঁছেলেও বদলি নীতিমালা বা প্রজ্ঞাপন জারি না হওয়ায় হতাশ শিক্ষকরা। তাই দ্রুত বদলির আদেশ জারির দাবিতে আমরা আন্দোলনে নেমেছি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।